# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## Weekly Current Affairs – 27th May –02nd June' 2025

### জাতীয় ঘটনাবলি

1. ভারতের দ্বিতীয় সম্পূর্ণ সাক্ষর রাজ্য হিসেবে স্বীকৃতি পেল গোয়া। ULLAS – Nav Bharat Saaksharta Karyakram (New India Literacy Programme) এর অধীনে 95% এর বেশি সাক্ষরতার হার অর্জন করেছে গোয়া। (ভারতের প্রথম রাজ্য হিসেবে এই কৃতিত্ব অর্জন করেছে মিজোরাম)।
2. নীতি আয়োগের 10th Governing Council Meeting -এ সভাপতিত্ব করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
3. কেন্দ্রীয় সরকারের আবাসন বরাদ্দে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 4% সংরক্ষণের ঘোষণা করল কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রণালয়।
4. উত্তরাখণ্ডে 'Panchshul Pulse' নামে প্রথম কমিউনিটি রেডিও স্টেশন উদ্বোধন করল ভারতীয় সেনাবাহিনী।
5. পাটনায় আয়োজিত First International Buyer-Seller Meet হোস্ট করল বিহার।
6. Dedicated Space Sector Policy বাস্তবায়নকারী ভারতের তৃতীয় রাজ্য হল তামিলনাড়ু।
7. 17 তম 'Nomadic Elephant' দ্বিপাক্ষিক সেনা মহড়া পরিচালিত হচ্ছে ভারত-মঙ্গোলিয়ার মধ্যে। এবারে সংস্করণ মঙ্গোলিয়ার উলানবাটার নামক স্থানে আয়োজিত হচ্ছে।
8. ব্যাটারির জীবনচক্র ট্র্যাক করতে 'Battery Aadhaar' Initiative উন্মোচন করলেন কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং।
9. Tata ও Airbus কোম্পানি যৌথভাবে কর্ণাটকে ভারতের প্রথম Private Helicopter Assembly Line তৈরি করবে।
10. YSR জেলার নাম পরিবর্তন করে 'YSR Kadapa' করল অন্ধ্রপ্রদেশ সরকার।
11. প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং মিনিশনস ইন্ডিয়া লিমিটেড (MIL), আর্মার্ড ভেহিকেলস নিগম লিমিটেড (AVNL) এবং ইন্ডিয়া অপটেল লিমিটেড (IOL) কে "মিনিরত্ন" ক্যাটাগরি-1 এর মর্যাদা প্রদানের অনুমোদন দিয়েছেন। এই তিনটি কোম্পানিই 2021 সালের অক্টোবরে পূর্ববর্তী অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড (OFB) থেকে আলাদা হয়ে
12. এই খাতের কাঠামোগত সংস্কারের অংশ হিসেবে গঠিত হয়েছিল।
13. রেলওয়ে ট্র্যাকের 100% বৈদ্যুতিকরণ করা 24তম রাজ্য হল গুজরাট।
14. আসামের নাগশঙ্কর মন্দিরটিকে কচ্ছপ সংরক্ষণের জন্য একটি মডেল মন্দির হিসেবে মনোনীত করা হয়েছে।
15. মধ্যপ্রদেশের নরসিংহপুরে Agri-Industry Summit 2025 উদ্বোধন করলেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর।
16. চতুর্থ উত্তর-পূর্ব রাজ্য হিসেবে রেল সংযোগে যুক্ত হল মিজোরাম। মিজোরামের রাজধানী আইজল বৈরাবি-সাইরাং লাইনের মাধ্যমে জাতীয় রেল নেটওয়ার্কের সাথে সংযুক্ত হল।
17. নিউ দিল্লীতে IATA AGM 2025 and World Air Transport Summit আয়োজন করবে ভারত।
18. ভারতীয় নৌবাহিনী এবং ইউরোপীয় ইউনিয়ন নৌবাহিনী (EUNAVFOR) যৌথ মহড়া আয়োজন করছে। এই মহড়ায় স্প্যানিশ নৌবাহিনীর জাহাজ ESPS রেইনা সোফিয়া এবং ইতালীয় নৌবাহিনীর জাহাজ ITS আন্তোনিও মার্সেগলিয়া এবং ভারতীয় নৌবাহিনীর জাহাজ ও বিমান বাহিনী অংশগ্রহণ করবে। ইউরোপীয় ইউনিয়নের তত্ত্বাবধানে ভারতে এই প্রথম মহড়াটি আয়োজিত হচ্ছে ভারতীয় মহাসাগরে।
19. লাতেহার জেলায় প্রথম বাঘ সাফারির পরিকল্পনা করছে ঝাড়খণ্ড।
20. কর্ণাটক হুক্কা বার নিষিদ্ধ করেছে এবং তরুণদের তামাক ব্যবহার কমাতে তামাক কেনার আইনি বয়স 18 থেকে বাড়িয়ে 21 বছর করেছে।
21. জম্মু ও কাশ্মীরের মাতা রাগন্য দেবী মন্দিরে বার্ষিক ক্ষীর ভবানী মেলা অনুষ্ঠিত হল।

### আন্তর্জাতিক ঘটনাবলি

1. 78th World Health Assembly অনুষ্ঠিত হল সুইজারল্যান্ডের জেনেভায়।
2. 'TOURISE' নামে বিশ্বব্যাপী পর্যটন প্ল্যাটফর্ম উন্মোচন করল সৌদি আরব।
3. ইকুয়েডরের রাষ্ট্রপতি হিসাবে শপথ নিলেন Daniel Noboa. (ইকুয়েডরের রাজধানী হল Quito).
4. রোমানিয়ার প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন Nicusor Dan. (রোমানিয়ার রাজধানীর নাম Bucharest).
5. পোল্যান্ডের প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হয়েছেন করোল নাওরোকি। (পোল্যান্ডের রাজধানীর নাম Warsaw).


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com

## নিয়োগ

1. Intelligence Bureau (IB) -এর ডিরেক্টর হিসাবে তপন কুমার ডেকার কার্যকাল মেয়াদ 1 বছর বৃদ্ধি করা হল।
2. Marine Products Export Development Authority (MPEDA) -এর নতুন ডিরেক্টর হিসেবে নিযুক্ত হয়েছেন রাম মোহন এম.কে।
3. Hitachi India-এর নতুন ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন এন ভেনু।
4. Indigo কোম্পানির নতুন চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন প্রাক্তন IAS অফিসার বিক্রম সিং মেহতা।
5. 2025-26 অর্থবর্ষের জন্য Confederation of Indian Industry (CII)-এর সভাপতি নিযুক্ত হলেন রাজীব মেমানি।
6. ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়ার নতুন MD এবং CEO হিসেবে নিযুক্ত হলেন আশীষ পান্ডে। (ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়া, 1919 সালে শেঠ সীতারাম পোদ্দার দ্বারা প্রতিষ্ঠিত হয়, সদর দপ্তর মুম্বাইতে অবস্থিত)।
7. সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়ার MD এবং CEO হিসেবে নিযুক্ত হলেন কল্যাণ কুমার। (1911 সালে স্যার সোরাবজি পোচখানাওয়ালা কর্তৃক প্রতিষ্ঠিত সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়ার সদর দপ্তর মুম্বাইতে অবস্থিত।এটি প্রথম সম্পূর্ণ ভারতীয় মালিকানাধীন এবং পরিচালিত বাণিজ্যিক ব্যাংক, প্রথম চেয়ারম্যান ছিলেন স্যার ফিরোজশাহ মেহতা)।
8. আন্দামান ও নিকোবর কমান্ডের 18তম কমান্ডার-ইন-চিফ হিসেবে নিযুক্ত হলেন লেফটেন্যান্ট জেনারেল দীনেশ সিং রানা।
9. Axis Max Life Insurance-এর MD এবং CEO পদ থেকে অবসর নিচ্ছেন প্রশান্ত ত্রিপাঠী।

## পুরস্কার

1. 78th Cannes International Film Festival-এ সেরা চলচ্চিত্রের জন্য Palme d'Or পুরস্কার জিতলেন ইরানি চলচ্চিত্র নির্মাতা Jafar Panahi.
2. হায়দ্রাবাদে আয়োজিত 2025 আন্তর্জাতিক মিস ওয়ার্ল্ড প্রতিযোগিতায় এবছর বিজয়ী হলেন থাইল্যান্ডের প্রতিযোগী ওপাল সুচাতা চুয়াংশ্রী।
3. বিশিষ্ট মহিলা টেনিস খেলোয়াড় সেরেনা উইলিয়ামস 2025 প্রিন্সেস অফ আস্তুরিয়াস পুরস্কার জিতেছেন।
4. Canada India Foundation (CIF) কর্তৃক 'Global Indian of the Year' পুরস্কারে ভূষিত হলেন আধ্যাত্মিক নেতা এবং ইশা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সদগুরু।

## দিন/থিম

1. 30 মে গোয়া রাজ্য দিবস হিসেবে পালিত হয়। 1961 সালে গোয়া একটি কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে গঠিত হয়। 1961 সালে অপারেশন বিজয়ের সময় ভারতীয় সশস্ত্র বাহিনী কর্তৃক মুক্ত হওয়ার আগে পর্যন্ত গোয়া 450 বছরেরও বেশি সময় ধরে পর্তুগিজ উপনিবেশ ছিল। স্বাধীনতার পর, গোয়া, দমন ও দিউ সহ, একটি কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে শাসিত হয়।1987 সালের 30শে মে গোয়া পূর্ণ রাজ্যের মর্যাদা লাভ করে। পানাজিকে নতুন রাজ্যের রাজধানী ঘোষণা করা হয়। কোঙ্কানিকে সরকারি ভাষা ঘোষণা করা হয়।
2. 25 মে তারিখটিকে বিশ্ব ফুটবল দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত ঘোষণা করল United Nations General Assembly.
3. International Day of Potato পালিত হয় 30 মে। 2025 থিম হল - Shaping history, feeding the future.
4. বিশ্ব তামাকমুক্ত দিবস (World No Tobacco Day) পালিত হয় 31 মে। 2025 থিম হল - "Unmasking the appeal."

## খেলাধুলা

1. প্রথম ভারতীয় হিসাবে Monaco Grand Prix -এ Formula 2 Sprint Race জিতলেন কুশ মাইনি।
2. বিশ্ব ফুটবল সপ্তাহে প্রথম FIFA Youth Series টাইটেল জিতল প্যারাগুয়ে।
3. ভারতের 37তম টেস্ট অধিনায়ক হিসেবে নিযুক্ত হলেন শুভমান গিল।
4. আহমেদাবাদে 2026 Asian Weightlifting Championships হোস্ট করবে ভারত।
5. সম্প্রতি টেস্ট ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন শ্রীলঙ্কার Angelo Mathews.
6. টেস্ট ক্রিকেটে দ্রুততম ব্যাটসম্যান হিসেবে 13,000 রান পূর্ণ করলেন ইংল্যান্ডের ক্রিকেটার Joe Root.
7. Hubert Hurkacz কে পরাজিত করে তার 100তম ATP টাইটেল জিতলেন Novak Djokovic.
8. Khelo India Beach Games 2025-এ পদক তালিকায় শীর্ষে রয়েছে মণিপুর, 5 টি সোনা, 6 টি রুপো, 3 টি ব্রোঞ্জ-সহ মোট 14 টি পদক পেয়েছে।
9. ISSF Junior World Cup 2025-এ পদক তালিকায় মোট 11টি পদক জিতে শীর্ষ স্থানে রয়েছে ভারত।

EDUTOUCH - 9123648141

10. ISSF Junior World Cup 2025-এ মহিলাদের 25 মিটার পিস্তল ইভেন্টে স্বর্ন পদক জিতলেন ভারতের তেজস্বিনী।
11. 2025 Asian Athletics Championships অনুষ্ঠিত হলো দক্ষিণ কোরিয়ায়।
12. Asian Athletics Championships 2025-এ ভারতের হয়ে প্রথম স্বর্ন পদক জিতলেন গুলবীর সিং।
13. সুইজারল্যান্ডে অনুষ্ঠিত World Para Athletics Grand Prix -এ পুরুষদের F42 বিভাগে 61.17 মিটার জ্যাভলিন থ্রো করে বিশ্বরেকর্ড গড়লেন ভারতীয় অ্যাথলিট মহেন্দ্র গুর্জর।
14. Barcelona কে পরাজিত করে 2024/25 UEFA Women's Champions League জিতল Arsenal.
15. IPL-এ 300 টি ছক্কা মারা প্রথম ভারতীয় ব্যাটসম্যান হলেন রোহিত শর্মা।
16. ওয়ানডে থেকে অবসর নিলেন অস্ট্রেলিয়ার ক্রিকেটার গ্লেন ম্যাক্সওয়েল। (2015 এবং 2023 সালে দুটি ICC বিশ্বকাপ শিরোপা জয়ের সময় ম্যাক্সওয়েল অস্ট্রেলিয়ার দলের অংশ ছিলেন।)
17. সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিবেন সাউথ আফ্রিকার ক্রিকেটার হেনরিখ ক্লাসেন।

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. 2025 মে মাসে ভারতে GST সংগ্রহের পরিমাণ 2.01 লক্ষ কোটি।
2. North-East Small Finance Bank-এর নাম পরিবর্তন করে রাখা হল Slice Small Finance Bank.
3. এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সভাপতি মাসাতো কান্দা ভারতের নগর অবকাঠামো উন্নয়নের জন্য 5 বছর মেয়াদী, 10 বিলিয়ন ডলারের ঋণ প্রদানের সিদ্ধান্ত ঘোষণা করেছেন, এর মূল লক্ষ্য মেট্রো সম্প্রসারণ, RRTS করিডোর এবং টেকসই উন্নয়নের উপর জোর দেওয়া।

## বিবিধ

1. সেভেন সামিট চ্যালেঞ্জ সম্পন্নকারী সর্বকনিষ্ঠ ভারতীয় হলেন 16 বছর বয়সী বিশ্বনাথ কার্তিকি। ("সেভেন সামিটস চ্যালেঞ্জ" কথার অর্থ সাতটি মহাদেশের সর্বোচ্চ শৃঙ্গে আরোহণ করা। এই সাতটি শৃঙ্গ হল- মাউন্ট এভারেস্ট (এশিয়া), মাউন্ট অ্যাকোনকাগুয়া (দক্ষিণ আমেরিকা),মাউন্ট ডেনালি (উত্তর আমেরিকা),মাউন্ট কিলিমাঞ্জারো (আফ্রিকা), মাউন্ট এলব্রাস (ইউরোপ), ভিনসন ম্যাসিফ (অ্যান্টার্কটিকা) এবং কার্স্টেনজ পিরামিড (ওশেনিয়া)।
2. বিখ্যাত গাড়ি নির্মাণকারী সংস্থা অডি ইন্ডিয়ার ব্র্যান্ড অ্যাম্বাসেডর হলেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া।
3. Karnataka Soaps and Detergents Limited (KSDL) -এর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন বিশিষ্ট অভিনেত্রী তামান্না ভাটিয়া।
4. Eureka Forbes কোম্পানির ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসাবে নিযুক্ত হয়েছেন বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর।
5. Oakley কোম্পানির নতুন ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় ক্রিকেটার শুভমান গিল।
6. ভারতে সরাসরি Satellite Broadcast Services-এর জন্য সরকারের অনুমোদন পেল Intelsat.

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি 54 বছর বয়সে মারা গেলেন অভিনেতা মুকুল দেব।
2. সম্প্রতি 82 বছর বয়সে মারা গেলেন তেলেগু অভিনেতা জিভি বাবু।
3. সম্প্রতি 89 বছর বয়সে মারা গেলেন আকালি দলের প্রবীণ নেতা সুখদেব সিং ধিন্দশা।
4. সম্প্রতি 75 বছর বয়সে প্রয়াত হলেন তামিল অভিনেতা রাজেশ।

EDUTOUCH -9123648141


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com